ভোরের কাগজ

JUL 01 2002

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# আহ্ছানিয়া মিশন মিলনায়তনে অব্যাহত শিক্ষা বিষয়ে আঞ্চলিক কর্মশালা অনুষ্ঠিত

সম্প্রতি অব্যাহত শিক্ষা বিষয়ে ৬-দিনব্যাপী এক আঞ্চলিক প্রশিক্ষণ কর্মশালা ঢাকায় অনুষ্ঠিত হয়। কর্মশালায় বাংলাদেশ, ভুটান, ভারত, ইরান, নেপালি, পাকিস্তান ও শ্রীলঙ্কা এই সাতটি দেশের প্রতিনিধিবৃন্দ অংশগ্রহণ করেন। ধানমন্ডিস্থ ঢাকা আহ্ছানিয়া মিশন মিলনায়তনে অনুষ্ঠিত 'সমাজ শিক্ষা কেন্দ্র, সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের কেন্দ্র পরিচালনার সামর্থ্য বৃদ্ধি এবং অব্যাহত শিক্ষা বাস্তবায়ন' শীর্ষক এই কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন উপানুষ্ঠানিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক এ কে এম দেলওয়ার হোসেন। ঢাকা আহ্ছানিয়া মিশনের নির্বাহী পরিচালক কাজী রফিকুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন ব্যাংককস্থ ইউনেস্কো আঞ্চলিক কার্যালয়ের অব্যাহত শিক্ষা বিশেষজ্ঞ মিসেস দারুণি রিউপিটুক এবং ঢাকা আহ্ছানিয়া মিশনের গবেষণা বিভাগের পরিচালক ড. আহমদুল্লা মিয়া। ধন্যবাদ জ্ঞাপন করেন মিশনের জনসংযোগ বিভাগের পরিচালক প্রফেসর নুরুল ইসলাম।

ব্যাংককস্থ ইউনেস্কো আঞ্চলিক কার্যালয় এবং ঢাকা আহ্ছানিয়া মিশনের যৌথ উদ্যোগে এবং বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের সহযোগিতায় আয়োজিত এই কর্মশালাটি ইউনেস্কো কর্তৃক বাস্তবায়নাধীন 'সবার জন্য শিক্ষা' বিষয়ে এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় কর্মসূচির অন্তর্ভুক্ত 'কম্যুনিটি লার্নি, সেন্টার (সি-এল-সি) প্রকল্প'-এর অন্তর্ভুক্ত একটি বিশেষ কার্যক্রম। প্রকল্পের সঙ্গে সংশ্লিষ্ট রয়েছে এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের ১৮টি দেশ, যথা-বাংলাদেশ, ভুটান, কম্বোডিয়া, চীন, ভারত, ইন্দোনেশিয়া, ইরান, লাওস, মালয়েশিয়া, মঙ্গোলিয়া, মায়ানমার, নেপাল, পাকিস্তান, পাপুয়া নিউগিনি, ফিলিপাইন, থাইল্যান্ড, উজবেকিস্তান ও ভিয়েতনাম। ইতিপূর্বে চীন ও ফিলিপাইনে অনুরূপ দুটি আঞ্চলিক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে যাতে সে সকল অঞ্চলের দেশসমূহ অংশগ্রহণ করেছে।

প্রধান অতিথি তার ভাষণে নিরক্ষরতা দূরীকরণে বাংলাদেশ সরকারের কার্যক্রম ও সাফল্যের চিত্র তুলে ধরেন এবং ভবিষ্যৎ পরিকল্পনার আভাস দেন। সভাপতির ভাষণে কাজী রফিকুল আলম সাক্ষরতা ও অব্যাহত শিক্ষাক্ষেত্রে ইউনেস্কোর অবদানের কথা তুলে ধরেন এবং বলেন যে, ঢাকা আহ্ছানিয়া মিশন এক্ষেত্রে ইউনেস্কোর সঙ্গে হাতে হাত মিলিয়ে কাজ করে যাচ্ছে। তিনি আশা প্রকাশ করেন, এই কর্মশালা থেকে অংশগ্রহণকারীরা এমন অনেক কিছু শিখবেন যা তাদের নিজ নিজ দেশে অব্যাহত শিক্ষা কর্মসূচি অধিকতর সফলতার সঙ্গে বাস্তবায়নে সহায়ক হবে। ইউনেস্কো প্রতিনিধি দারুনি কর্মশালার প্রেক্ষাপট বর্ণনা করেন এবং বলেন, এই কর্মশালায় প্রথমবারের মতো অধিকসংখ্যক বেসরকারি প্রতিষ্ঠানের প্রতিনিধি এবং মহিলা অংশগ্রহণকারীদের সমাগম ঘটেছে যা অত্যন্ত আশাব্যঞ্জক। তিনি ইউনেস্কোর বিভিন্ন কার্যক্রমে ঢাকা আহ্ছানিয়া মিশনের সাগ্রহে অংশগ্রহণ ও মূল্যবান অবদানের ভূয়সী প্রশংসা করেন। বিজ্ঞপ্তি।



*ঢাকা আহ্ছানিয়া মিশনের নির্বাহী পরিচালক কাজী রফিকুল আলমের সভাপতিত্বে অব্যাহত শিক্ষা বিষয়ে আঞ্চলিক কর্মশালা অনুষ্ঠিত হয়*